

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮২৩

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১ ত্রাণ্টি)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - সুদ

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو بْنِ الْعَاصِ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَمَرَهُ أَن يُجهِّزَ جَيْشًا فنفدتِ الإِبلُ فأمرَهُ أَن يَأْخُذَ عَلَى قَلَائِصِ الصَّدَقَةِ فَكَانَ يَأْخُذُ الْبَعِيرَ بِالْبَعِيرَيْنِ إِلَى إِبِلِ الصَّدَقَةِ. رَوَاهُ أَبُو دَاؤُدَ

বাংলা

২৮২৩-[১৭] 'আব্দুল্লাহ ইবনু 'আমর ইবনুল 'আস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে কোনো এক যুদ্ধাভিযানের জন্য সৈন্যবাহিনী প্রস্তুতির আদেশ করেছিলেন। এ সৈন্যবাহিনী প্রস্তুত করতে (সরকারী কোষাগারে, অর্থাৎ- বায়তুল মালে) প্রয়োজনীয় উটের সংকট দেখা গেলো। তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাঁকে সাদাকার উট পাওয়া সাপেক্ষে (বায়তুল মাল থেকে) উট ধার নেয়ার আদেশ করলন। সে হিসেবে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সাদাকার উট সংগ্রহের সাপেক্ষে এক একটি উট দু' দু'টি উটের বিনিময়ে গ্রহণ করলেন। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৩৩৫৭, ইরওয়া ১৩৫৮। কারণ এর সনদে 'আমর বিন হারিশ একজন মাজহূল রাবী আর এ হাদীসের যতগুলো শাহিদ বর্ণনা রয়েছে সবগুলোই দুর্বল।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَكَانَ يَأْخُذُ الْبَعِيرَ بِالْبَعِيرَيْنِ إِلَى إِبِلِ الصَّدَقَةِ) "তিনি দুই উটের বিনিময়ে একটি উট ক্রয় করতেন যাকাতের উট অর্জনের সময় পর্যন্ত মেয়াদে" অর্থাৎ নগদ একটি উট গ্রহণ করতেন, বিনিময়ে দু'টি উট দিবেন যখন যাকাতের উট বায়তুল মালে এসে জমা হয়। আর 'আবদুল্লাহ ইবনু 'আমর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নির্দেশক্রমেই এ কাজ করেছিলেন।

অতএব বুঝা গেল যে, প্রাণীর বিনিময়ে প্রাণী বাকীতে এবং কমবেশী করে ক্রয়-বিক্রয় বৈধ। অতএব প্রাণীর ক্রয়-



বিক্রয়ে সুদ নেই।

ইমাম মালিক (রহঃ) বলেনঃ এতে পাওয়া যায় যে, প্রাণী বাকীতে এবং কম বেশী করে ক্রয়-বিক্রয় বৈধ। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন